MAR. 1 8 2[illegible]

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ ... কলাম ... ৪ ....

# চট্টগ্রামে নকলপ্রবণ কে[illegible]
# তাৎক্ষণিকভাবে বাতিলের সিদ্ধান্ত

**চট্টগ্রাম ব্যুরো**

এসএসসি পরীক্ষায় নকলপ্রবণতা রোধে চট্টগ্রাম শিক্ষা বোর্ড কঠোর মনোভাব গ্রহণ করেছে। বোর্ড কর্তৃপক্ষ নকলপ্রবণ কেন্দ্রগুলো পর্যায়ক্রমিকভাবে আজ রোববার থেকে পরিদর্শন শুরু করবে। বোর্ড চেয়ারম্যান প্রফেসর আহমদ হোসেন যুগান্তরকে বলেছেন, সরেজমিনে পরীক্ষা কেন্দ্রগুলো পরিদর্শনকালে 'নকলের মহোৎসব' দেখা গেলে তাৎক্ষণিকভাবে সেসব কেন্দ্র বাতিল করে চট্টগ্রাম শহরে নিয়ে আসা হবে। এ জন্য ব্যাপক প্রস্তুতিও গ্রহণ করা হয়েছে বলেও জানান।

বোর্ড সূত্র জানিয়েছে, ইতিমধ্যে কর্তৃপক্ষের এ তালিকায় বেশ কয়েকটি কেন্দ্রের নাম জমা হয়েছে। এগুলোর মধ্যে রয়েছে রাউজান, ফটিকছড়ি এবং মিরসরাই কেন্দ্র। আজ বোর্ড চেয়ারম্যানের রাউজানের দুটি কেন্দ্র পরিদর্শনে যাওয়ার কথা রয়েছে। এ ছাড়া বোর্ড কর্তৃপক্ষের তরফ থেকে রাউজানের দুই কেন্দ্রের জন্য আধাসামরিক বাহিনী ও পুলিশ মো[illegible] করার জন্য পুলিশ প্রশাসনের অনুরোধ জানানো হয়েছে। সার্বক্ষণি[illegible] একজন ম্যাজিস্ট্রেট দেয়ার জন্যও প্রশাসনের কাছে অনুরোধ [illegible] হয়েছে।